রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ৯, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[মূল্য সংযোজন কর]**

**বিশেষ আদেশ**

তারিখ ঃ ১৭ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ।

**নং ১৪/মূসক/২০১৫**—যেহেতু, ইতোপূর্বে শুধুমাত্র Infrastructure Development Company Limited (IDCOL) এর নিবন্ধিত স্থানীয় সোলার প্যানেল নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক সোলার ব্যাটারী ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাটারীর উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, Infrastructure Development Company Limited (IDCOL) এর Partner organization গুলোর মাধ্যমেই সিংহভাগ সোলার সিস্টেম বিক্রয় হইয়া থাকে এবং এই কারণে IDCOL এর Partner organization গুলোর ক্ষেত্রেও একইভাবে মূসক অব্যাহতির সুবিধা প্রদান করা না হইলে গ্রামীণ বৃহৎ জনগোষ্ঠী সরকারের এই সুবিধা হইতে বঞ্চিত থাকিবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, IDCOL এর Partner organization গুলোর ক্ষেত্রেও 60AMP পর্যন্ত ক্ষমতাসম্পন্ন সোলার ব্যাটারী ক্রয়ের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাটারীর উৎপাদন পর্যায়ে প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.



**মূল্য ঃ** টাকা ৪.০০